দৈনিক ইনকিলাব

177

তারিখ … SEP. 07 19[illegible]
পৃষ্ঠা ৭ কলাম ৬

## মেয়েদের উপবৃত্তি প্রসঙ্গে

মেয়েদের উপবৃত্তি একটা বাড়তি সুযোগ হিসেবে বিবেচিত। কিন্তু এই সুযোগটা অনেকে কাজে লাগাতে পারছে আবার কেউ কেউ পারছে না। গত কয়েক বছরের এই সুযোগে অনেক মেয়ে এখনো টাকা পাওয়ার আশায় স্কুলে ভর্তি হচ্ছে। কিন্তু টাকাগুলোর সদ্ব্যবহার হচ্ছে না। যে জন্য টাকাগুলো দেয়া হচ্ছে সে কাজে না লাগিয়ে অন্য কাজে লাগাচ্ছে। আবার অনেক সময় দেখা যায় অনেক দিন স্কুলে না গিয়ে শুধু টাকা যেদিন দেয়া হবে সেদিন যায়। কিন্তু এই টাকা দেয়া উচিত তাদের যারা গরীব এবং মেধাবী। অনেকের আর্থিক অবস্থা ভালো থাকার পরও তারা টাকা পেয়ে থাকে। তবুও দেখা যায় টাকাগুলো পাওয়ার পর তারা আর স্কুলে আসে না। আবার কেউ কেউ টাকাগুলো দিয়ে তাদের নিত্য চাহিদা মিটায়। কিন্তু এর অর্থ এই নয় যে নিত্য চাহিদা মেটাবে। আরেকটা ব্যাপারে হচ্ছে, পরীক্ষার খাতায় কত নম্বর উঠেছে তা অনেক সময় না দেখে টাকা দিয়ে দেয়া হয়। অথচ এতে দেখা যায় যে, অনেকে শূন্যও পেয়ে থাকে। কেন এ রকম হবে। কিন্তু অনেক গরীব মেধাবী মেয়ে যে টাকা পাচ্ছে তা দিয়ে অনেক সময় তারা পড়ালেখার খরচও চালাতে পারে না। অথচ তারা ভালো রেজাল্ট করে। তাই এই অসহায় গরীব মেধাবী মেয়েদের জাতির ভবিষ্যৎ চিন্তা করে টাকাগুলো দিয়ে তাদের সুন্দর ভবিষ্যৎ গড়ার স্বপ্নকে বাস্তবায়িত করলে সবাই উপকৃত হবে।

অতএব, বিনীত প্রার্থনা, এই টাকাগুলোর সদ্ব্যবহার করে জাতির উন্নতিকল্পে ব্যয় করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করলে কর্তৃপক্ষের নিকট চিরদিন কৃতজ্ঞ থাকব।

—বিপ্লব আচার্য (টিটু),
১ম বর্ষ (বিজ্ঞান), নিজামপুর কলেজ।